

📖 সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১২৩৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮৩. যিনি বলেন, যখন ইমাম এক রাক'আত আদায় করে দাঁড়িয়ে থাকবেন, তখন লোকজন নিজেদের অবশিষ্ট এক রাক'আত পূরণ করে সালাম ফিরিয়ে শত্রুর মুকাবিলায় দাঁড়াবে। এতে সালাম হবে পৃথক পৃথক

باب مَنْ قَالَ إِذَا صَلَّى رَكْعَةً وَتَبَتَ قَائِمًا أَتَمُّوا لَأَنفُسِهِمْ رَكْعَةً ثُمَّ سَلَّمُوا ثُمَّ انصَرَفُوا فَكَانُوا
وَجَاهَ الْعَدُوِّ وَاخْتَلَفَ فِي السَّلَامِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ يَزِيدَ بْنِ رُومَانَ، عَنْ صَالِحِ بْنِ خَوَّاتٍ، عَمَّنْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ ذَاتِ الرِّقَاعِ صَلَاةَ الْخَوْفِ أَنَّ طَائِفَةً صَفَّتْ مَعَهُ وَطَائِفَةً وَجَاهَ الْعَدُوِّ، فَصَلَّى بِأَلَّتِي مَعَهُ رَكْعَةً ثُمَّ تَبَتَ قَائِمًا، وَأَتَمُّوا لَأَنفُسِهِمْ ثُمَّ انصَرَفُوا وَصَفُّوا وَجَاهَ الْعَدُوِّ، وَجَاءَتِ الطَّائِفَةُ الْأُخْرَى فَصَلَّى بِهِمُ الرُّكْعَةَ الَّتِي بَقِيَتْ مِنْ صَلَاتِهِ ثُمَّ تَبَتَ جَالِسًا، وَأَتَمُّوا لَأَنفُسِهِمْ ثُمَّ سَلَّمَ بِهِمْ .

– صحيح : ق

قَالَ مَالِكٌ : وَحَدِيثُ يَزِيدَ بْنِ رُومَانَ أَحَبُّ مَا سَمِعْتُ إِلَى

বাংলা

১২৩৮। সলিহ ইবনু খাওয়াত (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি ঐ ব্যক্তি হতে বর্ণনা করেন, যিনি যাতুর-রিক্বার অভিযানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাতুল খাওফ আদায় করেছেন। (তাদের সালাত আদায়ের পদ্ধতি এরূপ ছিল যে), একদল তার সাথে কাতারবদ্ধ হলো এবং একদল শত্রুর মোকাবিলায় দাঁড়িয়ে রইল। (প্রথমে) তিনি তাঁর নিকটবর্তী সাথীদেরকে নিয়ে এক রাক'আত সালাত আদায় করে স্থিরভাবে দাঁড়িয়ে রইলেন। আর লোকেরা বাকী (এক রাক'আত সালাত) নিজেরা আদায় করে দুশমনের মোকাবিলায় চলে গেলেন। অতঃপর (সালাতের জন্য) দ্বিতীয় দলটি তাঁর পিছনে এসে দাঁড়ালে তিনি তাদেরকে নিয়ে তাঁর অবশিষ্ট এক রাক'আত আদায় করে বসে রইলেন। তখন তারা তাদের দ্বিতীয় রাক'আত নিজেরাই আদায় করে নিলেন। অতঃপর তিনি

তাদেরকে নিয়ে সালাম ফিরালেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

ইমাম মালিক (রহঃ) বলেন, "সালাতুল খাওফ" আদায় সম্পর্কে যে কয়টি পদ্ধতির কথা বর্ণিত আছে এবং আমি শুনেছি, তন্মধ্যে ইয়াযীদ ইবনু রুমানের এ হাদীসটি আমার নিকট অধিক পছন্দনীয়।

English

Narrated Salih b. Khawwat:

On the authority of a person who offered the prayer in time of danger along with the Messenger of Allah (ﷺ) at the battle of Dhat al-Riq'a. One section of people stood in the row of prayer along with the Messenger of Allah (ﷺ) and the other section remained standing in front of the enemy. He led those who were with him in one rak'ah and remained standing (in his place) and they completed (the second rak'ah) by themselves. Then they turned away and arrayed before the enemy. Thereafter the other section came and he led them in the rak'ah which remained from his prayer. He then remained sitting (in his place) and they completed their one rak'ah by themselves. He then uttered the salutation along with them.

Malik said: I like the tradition reported by Yazid b. Ruman (i.e. the present tradition) more than (other versions) I heard.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : মাগাযী, অনুঃ গাযওয়া জাতুর রিকা', হাঃ ৪১৩১), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও ক্বাসর, অনুঃ সালাতুল খাওফ) সাহিহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ সাহিহ ইবনু খাওয়াত (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58556>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন